বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ এর খসড়া পর্যালোচনার ১ম সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মাহমুদা আকতার<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১৬ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. |
| সভার সময় | দুপুর: ০২.৩০ ঘটিকা। |
| স্থান | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্হাপনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-বি, লেভেল-১০, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | পতাকা-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন প্রতিবছরের ন্যায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রনয়ণের উদ্যাগ গ্রহণ করা হয়েছে। প্রস্তুতকৃত বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ এর খসড়া উপস্থাপনের জন্য সদস্য-সচিব জনাব কালাচাঁদ সরকার-কে অনুরোধ করেন।

০২। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ এর সম্পাদনা পরিষদের সদস্য-সচিব ও সিনিয়র সহকারী সচিব, জনাব কালাচাঁদ সরকার, সভাপতির অনুমতিক্রমে সভাকে অবহিত করেন যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল অনুবিভাগ এবং বিবিএস থেকে তথ্য উপাত্ত পাওয়ার পর প্রাপ্ত তথ্য উপাত্ত অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে সরবারাহ করা হয়। অতিরিক্ত সচিব (উন্নয়ন), জনাব খলিল আহমদ বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ এর প্রাথমিক খসড়া প্রণয়ন করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ এর খসড়া পাওয়ায় পয়েন্টে সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। উপস্থাপিত বার্ষিক প্রতিবেদনের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অংশগ্রহণ করে কমিটির সম্মানিত সদস্যগন মতামত প্রদান করেন।

০৩। সভাপতি সভায় উপস্থিত সম্মানিত সকল সদেস্যকে তাদের সুচিন্তিত মতামতের জন্য ধন্যবাদ জানান। বিশেষ করে স্ব-উদ্যোগে কষ্ট করে বার্ষিক প্রতিবেদনের খসড়া প্রস্তুত করায় অতিরিক্ত সচিব (উন্নয়ন), জনাব খলিল আহমদকে ধন্যবাদ জানান। বিস্তারিত আলোচনা ও প্রাপ্ত মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে/সম্পাদনে |
|---|---|---|

| | | |
|---|---|---|
| (ক) | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ‘মুজিব বর্ষ ২০’ উদযাপন সংক্রান্ত প্রাপ্ত তথ্যাদি সংক্ষিপ্ত আকারে সন্নিবেশ করতে হবে। | জনাব খলিল আহমদ, অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| (খ) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বিবিএস এর জনবল সংক্রান্ত তথ্যের মধ্যে কতটি পদ শূণ্য আছে এবং কতটি পূরণ করা হয়েছে এতদসংক্রান্ত আপডেট ব্যাখ্যাসহ তথ্য দিতে হবে। | জনাব সুফিয়া আক্তার রুমী, উপসচিব (প্রশাসন-৩ অধিশাখ) এবং জনাব সৌমিত্র কুমার পাল, সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| (গ) | ২০১৯-২০ অর্থ বছরে বিভিন্ন সূচকে বাংলাদেশের উল্লেখযোগ্য অর্জন এর গ্রাফচার্ট প্রস্তুতপূর্বক (সফটকপি ও হার্ডকপি) এ বিভাগে সরবরাহ করতে হবে। | জনাব মো: কবির উদ্দিন, পরিচালক, বিবিএস/ সংশ্লিষ্ট কর্মকর্তা, বিবিএস। |
| (ঘ) | এগিয়ে যাচ্ছে বাংলাদেশ (উন্নয়নের মূল সূচক) Bangladesh Sample Vital Statistics-2019 এর সফটকপি ও হার্ডকপি (পূর্ববর্তী বছরের ন্যায় এক পৃষ্ঠার তথ্য) সরবরাহ করতে হবে। | জনাব মো: আশরাফুল হক, যুগ্মপরিচালক (MSVSB), বিবিএস। |
| (ঙ) | ২০১৯-২০ অর্থ বছরের বিবিএস কর্তৃক প্রকাশিত সকল প্রকাশনার তালিকা (ওয়ার্ড ফাইলে) প্রস্তুতপূর্বক এ বিভাগে প্রেরণ করতে হবে। | জনাব মো: আজগর আলী, উপপরিচালক, আরডিপি শাখা, বিবিএস। |
| (চ) | বাণী, মুখবন্ধ, ও সম্পাদকীয় এর প্রস্তুতকৃত খসড়া পরীক্ষান্তে উপস্থাপন করতে হবে। | জানাব মু: ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| (ছ) | আলোচনার ভিত্তিতে বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ এর প্রচ্ছদের খসড়া প্রণয়ন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০১৯-২০ এর প্রতিবেদনের টেবিল আপডেটপূর্বক প্রস্তুত করতে হবে। | |
| (জ) | ফটোগ্যালারির জন্য বিভিন্ন কার্যক্রমের ছবি সংগ্রহ করতে হবে। | সিস্টেম এনালিস্ট এবং সি: স: সচিব (ত: ব্য:-২ শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| (ঝ) | উপর্যুক্ত ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক অবিলম্বে বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ খসড়া উপস্থাপন করা এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধনসহ বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ খসড়াটি চূড়ান্তকরণ কার্যক্রমের সার্বিক সহযোগিতা করা। | জনাব খলিল আহমদ, অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |

| | | |
|---|---|---|
| (এ) | খসড়াটি চূড়ান্ত করার পর যাচাই-বাছাইয়ের জন্য আগামী ২৪/০৯/২০২০ তারিখ সম্পাদনা পরিষদের সভা আহবান করতে হবে। এ সভা অনুষ্ঠানের পূর্বেই সম্পাদনা পরিষদের সম্মানিত সদস্যদের নিকট "বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০" খসড়াটির অংশ এবং নির্ধারিত ছক বিতরণ করতে হবে। যাতে করে সদস্যগণ প্রযোজ্যক্ষেত্রে ক্রটি-বিচ্যুতি চিহ্নিত করে মতামত প্রদান করতে পারেন। | জনাব কালাচাঁদ সরকার<br>সিনিয়র সহকারী সচিব |

০৪। সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।

মাহমুদা আকতার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০১৯.০১৬.০৪৬.২০-২৮৬

তারিখ: ৮ আশ্বিন ১৪২৭
২৩ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২) অতিরিক্ত-সচিব , উন্নয়ন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৩) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৪) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৫) পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৬) পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৭) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৮) উপসচিব , উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৯) উপসচিব, অডিট ও সমন্বয় অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১০) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১১) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৩) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।
১৪) সিনিয়র সহকারী সচিব, আইন শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৫) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৬) সহকারী সচিব, প্রশাসন-২ শাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৭) ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

কালাচাঁদ সরকার
সিনিয়র সহকারী সচিব